আজকের কাগজ

তারিখ ...18 OCT 1992 ...
পৃষ্ঠা... 7 ... কলাম ... 2 ...

45

# যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

# ফেল করেছে শতকরা ৩৯ দশমিক ১৩ ভাগ

**কাগজ প্রতিবেদক :** গতকাল যশোর বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয়েছে। মোট ৪৩ হাজার ৭শ' ২২ জন পরীক্ষার্থীর মধ্যে ২৬ হাজার ৬শ' ১৫ জন পাস করেছে। পাসের হার ৬০ দশমিক ৮৭। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে ৩ হাজার ১শ' ৯১ জন প্রথম বিভাগ, ১১ হাজার ৪শ' ৯৬ জন দ্বিতীয় বিভাগ এবং ১১ হাজার ৯শ' ২৮ জন তৃতীয় বিভাগে পাস করেছে। পরীক্ষায় ১৭ হাজার ১শ' ৩৭ জন অকৃতকার্য হয়েছে। মোট পরীক্ষার্থীর মধ্যে ৩০ হাজার ৮শ' ৬৪ জন ছাত্র এবং ১২ হাজার ৮শ' ৫৮ জন ছাত্রী। ছাত্রদের মধ্যে প্রথম বিভাগে ২ হাজার ১শ' ৮১ জন, ৮ হাজার ১১ জন দ্বিতীয় বিভাগে এবং ৮ হাজার ৩শ' ৭৫ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। ছাত্রীদের মধ্যে ১২ হাজার ৮শ' ৫৮ জন পরীক্ষায় অংশ নিয়ে ৯শ' ১০ জন প্রথম বিভাগে, ৩ হাজার ৪শ' ৮৫ জন দ্বিতীয় বিভাগে, ৩ হাজার ৫শ' ৫৩ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। ছাত্র ও ছাত্রীদের পাসের হার যথাক্রমে শতকরা ৬০ দশমিক ৪৮ এবং ৬১ দশমিক ৮১।

বিজ্ঞান বিভাগে ৬ হাজার ৯১ জন পরীক্ষায় অংশ নিয়ে ৪ হাজার ২শ' ৫৮ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৬৯ দশমিক ৯০। উত্তীর্ণদের মধ্যে ১ হাজার ৪শ' ২৬ জন প্রথম বিভাগ, ১ হাজার ৭শ' ৮৯ জন দ্বিতীয় বিভাগ এবং ১ হাজার ৪৩ জন তৃতীয় বিভাগে পাস করেছে।

মানবিক বিভাগে মোট ৩০ হাজার ৩শ' ৬৫ জন পরীক্ষার্থী পরীক্ষা দিয়ে ১৭ হাজার ৯শ' ৩৮ জন উত্তীর্ণ হয়েছে এর মধ্যে নিয়মিত ১৭ হাজার ২শ' ১১ জন এবং প্রাইভেট ৭শ' ২৭ জন। পাসের হার নিয়মিত ৬০ দশমিক ৫০ এবং প্রাইভেট ৩৭ দশমিক ৮৪। প্রথম বিভাগে ১ হাজার ৪শ' ৪৮ জন, দ্বিতীয় বিভাগে ৭ হাজার ৬শ' ৭২ জন।

বাণিজ্য বিভাগে মোট ৭ হাজার ১শ' ৯৬ জন পরীক্ষায় অংশ নিয়ে ৪ হাজার ৩শ' ৭৫ জন ছাত্র-ছাত্রী পাস করেছে। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ৪ হাজার ৩শ' ১৬ জন নিয়মিত এবং ৫৯ জন প্রাইভেট। উত্তীর্ণদের মধ্যে ৩শ' ১২ জন প্রথম বিভাগে ,২ হাজার ১২ জন দ্বিতীয় বিভাগে এবং ২ হাজার ৭১ জন তৃতীয় বিভাগে পাস করেছে। পাসের হার নিয়মিত ৬১ দশমিক ৬৬ এবং প্রাইভেট ২৯ দশমিক ৯৪।

কৃষি বিজ্ঞান বিভাগে ৫৯ জন পরীক্ষায় অংশে নিয়ে ৩৫ জন পাস করেছে। এর মধ্যে ৩ জন প্রথম বিভাগ, ১৭ জন দ্বিতীয় বিভাগ এবং ১৫ জন তৃতীয় বিভাগে পাস করেছে। পাসের হার ৫৯ দশমিক ৩২। গার্হস্থ্য অর্থনীতি ১১ জন পরীক্ষায় অংশ নিয়ে ৯ জন পাস করেছে। এর মধ্যে ২ জন প্রথম বিভাগ ৬ জন দ্বিতীয় বিভাগ ও ১ জন তৃতীয় বিভাগে। পাশের হার ৮১ দশমিক ৮১।

এবারে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে, বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র মাহমুদুর রশিদ। সে গণিত পদার্থ, রসায়ন ও পরিসংখ্যানে লেটারসহ ৯৪২ নম্বর পেয়েছে। ৯৩১ নম্বর পেয়ে দ্বিতীয় স্থান লাভ করেছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র মাহমুদুল করিম। করিম ইংরেজী, গণিত, পদার্থ, রসায়ন ও পরিসংখ্যান বিষয়ে লেটার পেয়েছে। তৃতীয় স্থান দখল করেছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের আমান উল্লাহ। সে ৯৩০ নম্বর পেয়েছে। আমান গনিত, পদার্থ, রসায়ন ও পরিসংখ্যান বিষয়ে লেটার পেয়েছে। চতুর্থ স্থান পেয়েছে বরিশাল ক্যাডেট কলেজের আবুল কালাম আজাদ। আজদ গণিত, পদার্থ, রসায়ন ও পরিসংখ্যানসহ ৯২১ নম্বর পেয়েছে। পঞ্চম স্থান অধিকার করেছে ঝিনাইদহ ক্যাডেট কলেজের মাজহার উল হক। সে গণিত, পদার্থ, রসায়ন ও পরিসংখ্যানে লেটারসহ ৯০৯ নম্বর পেয়েছে।

মহিলাদের মধ্যে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে খুলনা সরকারি পাইওনিয়ার মহিলা কলেজের হাফছা খানম। হাফছা গণিত, পদার্থ ও রসায়নে লেটারসহ ৮৩৪ নম্বর পেয়েছে। যশোর ক্যান্টনমেন্ট কলেজের জিনাত ফেরদৌস ৮৮২ নম্বর পেয়ে দ্বিতীয় স্থান লাভ করেছে। জিনাত গণিত, পদার্থ ও রসায়নে লেটার পেয়েছে। সম্মিলিত মেধা তালিকায় তৃতীয় হয়েছে যশোরের সরকারি এম এম কলেজের নিগার সুলতানা। সে গণিত ও পদার্থে লেটারসহ ৮২৫ নম্বর পেয়েছে। গণিত, পদার্থ ও রসায়নে লেটারসহ ৮১৮ নম্বর পেয়ে চতুর্থ স্থান দখল করেছে সরকারি বিএল কলেজের শারমিনা শফি। মেধাতালিকায় মহিলাদের মধ্যে পঞ্চম স্থান লাভ করেছে যৌথভাবে তিন জন। যশোর সরকারি মহিলা কলেজের সঞ্চিতা অধিকারী, বিএল কলেজের সালমা জাহান ও খুলনা সরকারি মহিলা কলেজের কানিজ সুলতানা ৮০৪ নম্বর পেয়ে যুগ্মভাবে পঞ্চম স্থান লাভ করেছে।

মানবিক বিভাগে প্রথম স্থান অধিকার করেছে বরিশাল ক্যাডেট কলেজের হাফিজুর রহমান। সে অংক, ইসলামী শিক্ষা, ভূগোল ও পরিসংখ্যানে লেটারসহ ৮৯৩ নম্বর পেয়ে দ্বিতীয় ও তৃতীয় স্থান লাভ করেছে বরিশাল ক্যাডেট কলেজ থেকে। এ এম এম খায়রুল কবীর তিনটি লেটারসহ ৮৭৭ নম্বর পেয়ে দ্বিতীয় এবং জিয়া মাহমুদ খান তিনটি বিষয়ে লেটারসহ ৮৬৪ নম্বর পেয়ে তৃতীয় হয়েছে।

বাণিজ্য বিভাগে প্রথম স্থান অধিকার করেছে কুষ্টিয়া সরকারি কলেজের শরিফুল ইসলাম। সে হিসাব বিজ্ঞান ও পরিসংখ্যানে লেটারসহ ৮১৫ নম্বর পেয়েছে। দ্বিতীয় হয়েছে ঝিনাইদহের মাহতাব উদ্দিন কলেজের জাহিদুল ইসলাম মালিতা। সে হিসাব বিজ্ঞানে লেটারসহ ৭৬২ নম্বর পেয়েছে, তৃতীয় স্থান লাভ করেছে সরকারি গৌরনদী কলেজের নাসিম উদ্দিন। সে হিসাব বিজ্ঞান, শর্টহ্যান্ড ও টাইপে লেটারসহ ৭৫৮ নম্বর পেয়েছে।